www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**Lang. Code : 04**

इस पुस्तिका में **20** पृष्ठ हैं ।
This booklet contains **20** pages.

# ATA-19-I

**प्रश्न-पत्र I /PAPER I**

**बंगला भाषा परिशिष्ट**

**Bangla Language Supplement**

**भाग IV & V / PART IV & V**

**परीक्षा पुस्तिका संकेत**
**Test Booklet Code**

**A**

**परीक्षा पुस्तिका संख्या**
**Test Booklet No.**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए ।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20)पर दिए निर्देशों को ध्यान से पढ़ें ।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगला में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें । / For instructions in Bangla see Page 2 of this Booklet.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो या तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगला** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं** ।
2. परीक्षार्थी भाग I, II, III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से ।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं । भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं ।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें ।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **A**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है । अगर यह भिन्न हो तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा I - (बंगला) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा II - (बंगला) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं । इस परीक्षा पुस्तिका में केवल बंगला भाषा से संबंधित प्रश्न दिए गए हैं । **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगला के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए । जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए ।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो ।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें ।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें । अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें । उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है ।

## *INSTRUCTIONS FOR CANDIDATES*

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BANGLA** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Parts I, II, III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page / marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **A**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language I - (Bangla) (Q. 91 to Q. 120)
   Part-V : Language II - (Bangla) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bangla language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bangla, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part -V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :
अनुक्रमांक : (अंकों में) ____________________
Roll Number : in figures
: (शब्दों में) ____________________
: in words
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :
परीक्षार्थी के हस्ताक्षर : ____________ निरीक्षक के हस्ताक्षर : ____________
Candidate's Signature : Invigilator's Signature :
Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

**A**

www.prepp.in



**Lang. Code : 04**

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

# ATA-19-I

**পরীক্ষা পুস্তিকা কোড**

**A**

## প্রশ্ন পত্র I

## বাংলা ভাষা পরিশিষ্ট

## ভাগ IV & V

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না ।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠ 19 & 20) মুদ্রিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন ।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **- এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ ।
2. পরীক্ষার্থীরা ভাগ I, II, III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন ।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে । পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিষিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন ।
4. এই পৃষ্ঠার বিবরণ গুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র নীল বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে ।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **A.** এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা এবশ্যই নিশ্চিত হয়ে নেবেন । কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (invigilator) - এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন ।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60**টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান । প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা I — (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)*
   ভাগ V : ভাষা II — (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)*
7. **ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন । যদি ভাষা I এবং/অথবা ভাষা II এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন । আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে ।**
8. **পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা I (ভাগ IV) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা । অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না ।**
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) - এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই rough work করতে হবে ।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে । উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) ____________________

: (অক্ষরে) ____________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of

Centre Superintendent ____________________

www.prepp.in



যে-সব পরীক্ষার্থী বাংলা কে ভাষা-**I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**IV (91 থেকে 120 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-I** only.

www.prepp.in



## Part – IV / ভাগ – IV
## Language – I / ভাষা – I
## Bangla / বাংলা

যে-সব পরীক্ষার্থী বাংলাকে ভাষা-I হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন) – এর উত্তর দেবেন।

**নির্দেশ : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :**

যোগমায়ার সঙ্গে যোগাযোগ ছিন্ন হওয়ায় মহর্ষির ছেলেমেয়েরা খুব দুঃখ পেয়েছিলেন। বড় মেয়ে সৌদামিনীর দুঃখই যেন বেশি। তিনি স্বামী পুত্র কন্যা নিয়ে জোড়াসাঁকোর বাড়িতেই জীবন কাটিয়েছেন। কাকিমা ছিলেন তাঁর সুখ-দুঃখর সঙ্গিনী। এবার মহর্ষিপরিবারের সব ভার পড়ল একা সৌদামিনীর ওপর। বাংলাদেশে স্ত্রীশিক্ষা প্রসারের একেবারে গোড়ার দিকে সৌদামিনী একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন, যদিও এর জন্যে তাঁর নিজের কৃতিত্ব খুব বেশি ছিল না।

আগেই বলেছি, ঠাকুরবাড়ি এবং আরও পাঁচটা সম্ভ্রান্ত পরিবারে মেয়েদের লেখাপড়া শেখানো হত। গ্রামাঞ্চলে সে সুযোগ ছিল না। দু-একজন দুঃসাহসিকা ছাড়া কেউ সাহস করে পুঁথিপত্র নিয়ে বসতে পারত নাকি ? মনে তো হয় না। সুদুর পল্লীগ্রামের গৃহবধূ রাসসুন্দরী একটু-আধটু লেখাপড়া লিখেছিলেন। তিনি ঠাকুরবাড়ির কেউ নন, এমনকী এই পরিবারের সংস্পর্শেও আসেননি, তবু বাঙালি মেয়েদের মধ্যে তিনিই লিখেছিলেন প্রথম আত্মজীবনী। এই প্রথম নিজের কথা লেখার মতো বিশেষ ঘটনাটি আমরা ঠাকুরবাড়িরই কোনও মহিলার কাছে আশা করেছিলাম। যাই হোক, রাসসুন্দরীর পক্ষে লেখাপড়া শেখা সহজ ছিল না, ঘরের দরজা বন্ধ করে শিখতে হত। না হলে শোনা যেত বৃদ্ধদের খেদোক্তি, 'বুঝি কলিকাল উপস্থিত হইয়াছে দেখিতে পাই। এখন বুঝি মেয়েছেলেতে পুরুষের কাজ করিবেক। এতকাল ইহা ছিল না। একালে হইয়াছে।' এই তিক্ত মন্তব্য শুনতে শুনতে রাসসুন্দরীর মনে হত, 'যেন বিদ্যার আর কোনও গুণ নাই, বিদ্যায় কেবল টাকা উপার্জন হয়।' রাসসুন্দরীর মতো লুকিয়ে লুকিয়ে পড়তে হয়েছে সত্যেন্দ্রনাথের স্ত্রী জ্ঞানদানন্দিনীর মাকেও। তিনি রাত্রিবেলা দরজা বন্ধ করে 'হিসেব কিতেব চিঠিপত্র লিখতেন।' শিবনাথ শাস্ত্রীর মা গোলকমণি দেবীও নানা উপায়ে লেখাপড়া শিখেছিলেন। পাবনার প্রমথ চৌধুরীর দিদি প্রসন্নময়ী তো ছোটবেলায় 'বালকবেশে' কাছারি বাড়িতে সরকারের কাছে পড়তে যেতেন। তাঁর পিসিদের মধ্যে তিনজন ভগবতী, কৃষ্ণসুন্দরী ও মৃন্ময়ী বেশ লিখতে পড়তে পারতেন কিন্তু ছোট পিসি বালবিধবা কাশীশ্বরী ছিলেন বিদুষী মহিলা। ছোট ছেলেমেয়েরা তাঁর কাছে লেখাপড়া শিখতে যেত। প্রসন্নময়ী লিখেছেন, 'কাশীশ্বরী তীর্থ ভ্রমণ করিয়া হঠি তর্কালঙ্কার সাজিয়া মুণ্ডিত মস্তকে গ্রামে ফিরিয়া আসিয়া এক পাঠশালা খুলিয়া বসিলেন।' এ প্রসঙ্গে হটি বিদ্যালঙ্কার, হটু বিদ্যালঙ্কার কিংবা চণ্ডীচরণ তর্কালঙ্কারের মেয়ে দ্রবময়ীর কথাও স্মরণীয়। কিন্তু এঁদের ব্যতিক্রম হিসেবেই ধরা হত। বেশিরভাগ মেয়েই লেখাপড়া শেখার সুযোগ পেতেন না।

91. আলোচ্য গদ্য অনুসারে নিম্নলিখিত বাক্যগুলির সঠিক ক্রম নির্বাচন করুন :

A. মনে তো হয় না।

B. ছোট ছেলেমেয়েরা তাঁর কাছে লেখাপড়া শিখতে যেত।

C. কাকিমা ছিলেন তাঁর সুখ-দুঃখের সঙ্গিনী।

D. এতকাল ইহা ছিল না।

(1) A, C, D, B
(2) D, A, C, B
(3) C, B, A, D
(4) C, A, D, B

92. 'সৌদামিনী' শব্দের সার্থক সমার্থক শব্দ নির্বাচন করুন

(1) গ্রহ (2) চাঁদ
(3) বিদ্যুৎ (4) আকাশ

93. 'পুঁথিপত্র' শব্দটি নিম্নলিখিত কোন সমাসের অন্তর্গত ?

(1) দ্বন্দ্ব সমাস
(2) দ্বিগু সমাস
(3) তৎপুরুষ সমাস
(4) কর্মধারয় সমাস

94. আলোচ্য গদ্যে প্রসন্নময়ীর কতজন পিসির নাম পাওয়া যায় ?

(1) 4 জন (2) 5 জন
(3) 3 জন (4) 2 জন

95. সত্যেন্দ্রনাথের স্ত্রীর নাম কি ?

(1) রামদুলারী
(2) গিরীন্দ্রবাসিনী
(3) কমল কুমারী
(4) জ্ঞানদানন্দিনী

96. সঠিক বাক্য নির্বাচন করুন -

(1) পাবনার প্রথম চৌধুরীর দিদি প্রসন্নময়ী মেয়েবেলায় 'বালকবেশে' কাছারি বাড়িতে সরকারের কাছে পড়তে যেতেন।

(2) আবনার প্রমথ চৌধুরীর দিদি প্রসন্নময়ী তো ছোটবেলায় 'বালিকা বেশে' কাছারি বাড়িতে সরকারের কাছে পড়তে যেতেন।

(3) পাতুয়ার প্রমথ চৌধুরীর দিদি প্রসন্নময়ী ছোটবেলায় 'বালকবেশে' কাছারি বাড়িতে সরকারের কাছে পড়তে যেতেন।

(4) পাবনার প্রমথ চৌধুরীর দিদি প্রসন্নময়ী তো ছোটবেলায় 'বালকবেশে' কাছারি বাড়িতে সরকারের কাছে পড়তে যেতেন।

97. আলোচ্য গদ্যে মোট কয়টি নারী চরিত্রের নাম উল্লেখ করা হয়েছে ?

(1) 14 টি (2) 11 টি
(3) 10 টি (4) 12 টি

98. "বুঝি কলিকাল উপস্থিত হইয়াছে দেখিতে পাই। এখন বুঝি মেয়েছেলেতে পুরুষের কাজ করিবেক। এতকাল ইহা ছিল না। একালে হইয়াছে।" – এটি কি ধরণের মন্তব্য ?

(1) উৎসাহব্যঞ্জক মন্তব্য
(2) বিরহ মন্তব্য
(3) তিক্ত মন্তব্য
(4) আনন্দময় মন্তব্য

99. বাঙালী মেয়েদের মধ্যে প্রথম আত্মজীবনী কে লিখেছিলেন ?

(1) যোগমায়া (2) রাসসুন্দরী
(3) সৌদামিনী (4) গোলকমণি

নির্দেশ : নিম্নলিখিত কবিতাটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

এ-ঘর তখন ছোট্ট ছিলো, অনেকটা ঠিক তোমার মতন
মলিন ছেঁড়া জামার মতন, দু-একটি পা নামার মতন
ছোট্ট ছিলো, এখন অনেক বদলে গেছে
কাঁঠালকাঠের চৌকি বদলে হয়েছে খাট
কুঁড়েঘরের দরজা সরে জোড়া কপাট
এখন অনেক বড়ো হয়েছে, এ-ঘর এখন বড়ো হয়েছে
এখন অনেক বুড়ো হয়েছে, অনেকটা ঠিক তোমার মতন।
তোমার-আমার মধ্যে ছিলো নীল হ্যারিকেন
বিজলি এখন পোড়াচ্ছে ঘর
তোমার-আমার মধ্যে ছিলো অগ্নিসাক্ষী ভয়ের পাথর

100. কুঁড়ে ঘরের দরজা সরে কি হয়েছে ?

(1) অট্টালিকা

(2) জোড়া কপাট

(3) মাটির বাড়ি

(4) ঘড়ের চাল

101. আলোচ্য কবিতাটি কোন ছন্দে লেখা ?

(1) দলবৃত্ত

(2) সনেট

(3) মিশ্রকলাবৃত্ত

(4) কলাবৃত্ত

102. কবিতায় নীল হ্যারিকেন - এর জায়গা কে নিয়েছে ?

(1) হ্যাচাক

(2) জেনারেটর

(3) বিজলি

(4) সবুজ বাতি

103. শূন্যস্থান পূরণ করুন –

এখন অনেক _____ হয়েছে, এ-ঘর এখন _____ হয়েছে

(1) বড়ো, বড়ো

(2) বুড়ো, বড়ো

(3) বড়ো, বুড়ো

(4) বুড়ো, বুড়ো

104. "এ-ঘর তখন ছোট্ট ছিলো, অনেকটা ঠিক তোমার মতন" – আলাচ্য অংশটি কোন অলঙ্কারের-উদাহরণ হিসেবে পড়া যেতে পারে ?

(1) অতিশয়োক্তি

(2) স্বভাবোক্তি

(3) বিরোধাভাস

(4) উপমা

105. আলোচ্য কবিতায় কোন ফলের নাম পাওয়া যায় ?

(1) আপেল

(2) জামরুল

(3) আম

(4) কাঁঠাল

106. মাতৃভাষা কেন্দ্রিক বহুভাষাবাদ কি ?

(1) কেবল মাতৃভাষা শেখা।

(2) মাতৃভাষার মাধ্যমে শেখা।

(3) প্রথমে মাতৃভাষা শেখা এবং তারপর আরও ভাষা যুক্ত করা।

(4) অনেক ভাষা এবং বিদেশী ভাষাসমূহ মাতৃভাষা রূপে শেখা।

107. বিদ্যালয় শিক্ষা কর্মপন্থায় **(Policy)** ভাষা যে নামে পরিচিত, তা হল –

(1) বহু ভাষিক (Multilingual) শিক্ষা

(2) শিক্ষার ভাষা

(3) মাতৃভাষা কেন্দ্রিক বহুভাষিক (Multilingual)

(4) তিন ভাষা পদ্ধতি

108. সমগ্র ভাষা কর্মসাধন পদ্ধতি (approach) হল

(1) এমন একটি ধারণা (assumption) যেখানে শিক্ষার্থীরা বর্ণ ও ধ্বনি থেকে শব্দ, শব্দগুচ্ছ এবং বাক্যের মধ্য দিয়ে একটি ভাষা শেখে।

(2) এমন একটি ধারণা (assumption) যেখানে শিক্ষার্থীরা ভাষা খণ্ডের (chunks) মধ্য দিয়ে ভাষা শেখে এবং তারপর ক্ষুদ্র অংশ যেমন শব্দ, বর্ণ ইত্যাদি বোঝে।

(3) এমন একটি ধারণা (assumption) যেখানে ক্ষুদ্রতম অংশ যেমন বর্ণমালার অক্ষর পরিচিতির মধ্যে দিয়ে ভাষা শিক্ষা শুরু হয়।

(4) এমন একটি ধারণা (assumption) যেখানে সব ভাষাই একই ভাবে শেখানো হয়।

109. ভাষা শিক্ষায় কোন পদ্ধতি অনুযায়ী **(approach)**, 'মনে রাখা'কে **(memorization)** ভাষা শিক্ষার একটি প্রেক্ষিত **(aspects)** হিসাবে মান্যতা দেয় ?

(1) সাংগঠনিক (Structural) পদ্ধতি

(2) ব্যাকরণ অনুবাদ পন্থা

(3) সংযোগকারী (communicative) পদ্ধতি

(4) সামগ্রিক শারীরিক প্রতিক্রিয়া

www.prepp.in
Prepp Your Personal Exams Guide



**110.** কাব্যা একজন ভাষা শিক্ষক । তিনি তার ছাত্রদের বিভিন্ন বিষয় অনুযায়ী শব্দ খুঁজতে এবং সেইসব শব্দের বন্ধু শব্দ (সেই সব শব্দ যা কোন শব্দের আগে বা পড়ে বসতে পারে) সরাবরাহ করতে বললেন। এই পদ্ধতি কি নামে পরিচিত ?

(1) বৈশিষ্ট্য অনুযায়ী পাশাপাশি সংস্থাপিত (collocation)

(2) শব্দ জাল (word web)

(3) শব্দ খেলা (word play)

(4) শব্দ সংগঠন (word formation)

**111.** একজন শিক্ষক তার ছাত্রদের ভাষা সক্ষমতার **(abilities)** পরীক্ষা নেওয়ার জন্য প্রশ্নপত্র তৈরি করেছেন । তিনি একটি অনুচ্ছেদের প্রতিটি পঞ্চম শব্দ তুলে নিয়েছেন এবং তারপর ছাত্রদের না থাকা সম্ভাব্য শব্দগুলি দিতে বলেছেন। এই পাঠ পদ্ধতির নাম কি ?

(1) পাঠ্য অনুচ্ছেদ

(2) শব্দভাণ্ডারের (vocabulary) পরীক্ষা

(3) শূন্যস্থান পূর্ণ করা।

(4) বদ্ধ (clone) পাঠ

**112.** বলার সময় যথাযথ উচ্চারণে, সঠিক ক্রমে সঠিক শব্দের ব্যবহার হল -

(1) শরীরি ভাষা

(2) বলার পদ্ধতি (mechanics of speaking)

(3) ভাষা ক্রিয়া (function)

(4) ভাষার ব্যবহার

**113.** শিক্ষাদানের **(Pedagogic)** পদ্ধতি হিসেবে গল্প কথন ব্যবহৃত হয় –

(1) শোনার কাজে বাচ্ছাদের ব্যস্ত রাখতে।

(2) শিশুদের বলার দক্ষতা বৃদ্ধি করতে।

(3) ভাষা ও স্বাক্ষরতা দক্ষতার বিকাশ ঘটাতে।

(4) শ্রেণীকক্ষে নিয়মানুবর্তীতা বজায় রাখতে।

**114.** প্রসঙ্গক্রমে ব্যাকরণ বলতে বোঝায় -

(1) অনুশীলন ও চর্চার মাধ্যমে ব্যাকরণ শেখা

(2) প্রথমে গঠন আঙ্গিক শেখা এবং তারপর ক্রিয়ার দিকে যাওয়া।

(3) স্বাভাবিক ভাষার উদাহরণ থেকে শেখা যেখানে আঙ্গিক তার পরিপ্রেক্ষিতে দৃষ্ট ও ব্যবহৃত হয়।

(4) পদ্ধতিগতভাবে আঙ্গিককে শেখা যেখানে শিক্ষার্থী ক্রমান্বয়িক বিকাশের মধ্য দিয়ে যেতে পারে।

115. নিম্নলিখিতের মধ্যে কোনটি পাঠ দক্ষতা নয় ?

(1) বক্তৃতা থেকে নোট (Note) নেওয়া

(2) পড়ার সময় নোট (Note) নেওয়া

(3) সংক্ষিপ্তসার লেখা

(4) একটি অনুষ্ঠানের জন্য আলোচ্যসূচী লেখা

116. পাঠ্যপুস্তক লেখকেরা সবসময় মৌলিক লেখকদের গদ্য, কবিতা এবং গল্প সংযুক্ত করেন । তারা সংবাদপত্র, পত্রপত্রিকার, মৌলিক অংশও সংযুক্ত করেন, কারণ –

(1) তাদের ভাষা স্বাভাবিক এবং ভরসা যোগ্য হয় ।

(2) পাঠ্যপুস্তক রচয়িতারা তাদের পছন্দ করেন ।

(3) তারা অনুশীলন নির্মাণে কর্মক্ষম (useful) হয় ।

(4) তারা পাঠ উপযুক্ত (suitable) ।

117. নিম্নলিখিত কার্যটিকে কি বলা হয় ?

শিক্ষক নিজের গতিতে পাঠ পড়ে যাবেন এবং ছাত্ররা গোষ্ঠীবদ্ধ ভাবে বিষয় সংক্ষিপ্তসার **(down points)** নির্মাণ করে সেই পাঠকে আবার পুর্ণগঠন করবে ।

(1) লেখ নির্দেশ (dictation)

(2) ব্যাকরণ লেখ নির্দেশ

(3) পুনর্লেখন কাজ

(4) পারস্পরিক লেখ নির্দেশ

118. প্রাথমিক ভাষার বিকাশ বলতে সাধারণভাবে যা বোঝায় –

(1) শেখা

(2) অর্জন করা

(3) বিকাশ

(4) অবগতি

119. প্রথম শ্রেণীকক্ষের একজন শিক্ষকের ছাত্রদের মাতৃভাষা আলাদা ছিল । তিনি শ্রেণীকক্ষের প্রতিটি শিক্ষার্থীকে সব ভাষায় পরস্পরকে সম্বোধন করতে বলেন । ছাত্ররা প্রতিদিন ভিন্ন ভাষার কিছু শব্দের সঙ্গে পরিচিত হওয়ার চেষ্টা করে । শিক্ষক কোন কৌশল ব্যবহার করেছেন –

(1) উপায় (resource) হিসেবে বহুভাষিক (multilingualism) ব্যবহার

(2) বহুভাষা পরিচয় (Roliglotism)

(3) কৌশলরূপে বিবিধতা (Diversity)

(4) একভাষিকতা (Monolingualism)

120. নিম্নলিখিতের মধ্যে কোন পদ্ধতিটি শিক্ষার্থীদের ভাষা শিক্ষার জন্য আদর্শ নয় ?

(1) গান ও ছড়ার (rhymes) মাধ্যমে

(2) শব্দ ও ছোট বাক্য ব্যবহারের মাধ্যমে

(3) বর্ণমালার মধ্যে থাকা অক্ষর শিক্ষার মাধ্যমে

(4) বাচিক ব্যবহারের মাধ্যমে

www.prepp.in



যে-সব পরীক্ষার্থী বাংলা কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**V (121 থেকে 150** নং প্রশ্ন**)** – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-II** only.

www.prepp.in



## Part – V / ভাগ – V
## Language – II / ভাষা – II
## Bangla / বাংলা

যে-সব পরীক্ষার্থী বাংলা কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

**নির্দেশ : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

আগেই বলেছি ১৮২৩ সনে স্ট্র্যাণ্ড রোড তৈরি হওয়াতে ক্লাইভ স্ট্রিটের জাহাজ তৈরির ও মেরামতের ডকগুলোর কাজকর্ম বন্ধ হয়ে গেল, আর তাদের মালিকরা গঙ্গার ওপারে হাওড়ায় চলে গেলেন। প্রথমে গেলেন ব্ল্যাকমোর সাহেব। তিনি সেখানে গিয়ে 'নিচের ডক' (Lower Dock) তৈরি করলেন। তারপর গেলেন ম্যাথিয়াস বা ম্যাথু স্মিথ সাহেব। তিনি সেখানে 'ওপরের ডক' (Upper Dock) ও 'মাঝের ডক' (Middle Dock) তৈরি করলেন। এর পরে দু'জনে মিলে যৌথ মূলধনে এক কারবার খুললেন। সেই কারবারের নাম দিলেন কলকাতা ডকিং কোম্পানি।

পুরনো কেল্লার উত্তর গা দিয়ে পূব থেকে একটি পথ এসে শেষ হয়েছিল পুরনো কেল্লা ঘাটে। সেই জন্য পথটিকে বলা হতো ওল্ড ফোর্ট ঘাট স্ট্রিট। এখন সেই রাস্তার নাম হয়েছে ফেয়ার্লি প্লেস। উইলসন ফেয়ার্লি এক সওদাগর ছিলেন। তিনি ফেয়ার্লি গিলমোর নামে এক সওদাগরি কুঠির প্রধান (সিনিয়র) অংশীদার ছিলেন। তিনি সরকারি পিলখানার ঠিকাদার ছিলেন, অর্থাৎ সরকারি সেনা বিভাগের যেসব হাতি ও উট থাকত তিনি তাদের খোরাক যোগাবার ঠিকা নিয়েছিলেন। পরে ফেয়ার্লি সাহেব গিলমোরকে ছেড়ে দিয়ে ফারগুসন নামে আর এক অংশীদার নিয়ে ফেয়ার্লি ফারগুসন নাম দিয়ে আর একটি সওদাগরি কুঠি খোলেন। রামদুলাল দে (সরকার) এই কুঠির বেনিয়ান ছিলেন ও তাঁর প্রতিবেশী ও বন্ধু কাশীনাথ ঘোষ এই হৌসে কাজ করতেন।

ফেয়ার্লি প্লেসের উত্তর দিকে কিলবার্ন কোম্পানির বাড়ি ফেয়ার্লি হাউস এবং তার গায়েই ম্যাকিনন ম্যাকেঞ্জি কোম্পানির বাড়ি। পুরনো কেল্লার এই সমস্ত উত্তর দিকটা জুড়ে ১৭৫৬ সনে ক্রুটেনডেন সাহেবের প্রকাণ্ড বাগানবাড়ি ছিল। সিরাজদ্দৌলার আক্রমণে সেই বাড়ি ধ্বংস হয়ে যায় : বর্তমানে ফেয়ার্লি প্লেসের সমস্ত দক্ষিণ দিকটা জুড়ে ইস্ট-ইণ্ডিয়ান রেল কোম্পানির (এখন ইস্টার্ন রেলের) প্রধান অফিস রয়েছে পুরনো কেল্লার হাতার মধ্যে।

www.prepp.in



121. আলোচ্য গদ্যে মোট কয়টি ডকের নাম লেখা হয়েছে ?

(1) তিনটি
(2) চারটি
(3) দুটি
(4) পাঁচটি

122. "তাঁর প্রতিবেশী ও বন্ধু কাশীনাথ ঘোষ এই হৌসে কাজ করিতেন।" – অংশটি কোন কালের উদাহরণ ?

(1) নিত্যবৃত্ত অতীত
(2) ঘটমান বর্তমান
(3) পুরাঘটিত অতীত
(4) ভবিষ্যৎ অনুজ্ঞা

123. 'কলকাতা ডকিং কোম্পানি' – কারা তৈরি করেছিলেন ?

(1) বেনসন ও ব্ল্যাকমোর
(2) জনসন ও জনসন
(3) ম্যাথুয়ার ও গিলমোর
(4) ব্ল্যাকমোর ও ম্যাথিয়াস

124. শূন্যস্থান পূরণ করুন -

তিনি _______ পিলখানার ______ ছিলেন

(1) বন্ধ, দারোয়ান
(2) সামনের, ওভারসিয়র
(3) সরকারি, ঠিকেদার
(4) বড়, রক্ষক

125. ক্রুটেনডেন সাহেবের বাগানবাড়ি কার আক্রমণে ধ্বংস হয় ?

(1) প্রথম বাহাদুর শাহ
(2) সিরাজদ্দৌলার
(3) মীরকাসিম
(4) শায়েস্তা খান

126. আলোচ্য গদ্যে কোন কোন পশুর নাম উল্লেখিত হয়েছে ?

(1) কুকুর ও বেড়াল
(2) কোয়াল ও হিপোপটেমাস
(3) হাতি ও উট
(4) নেকড়ে ও ইদুঁর

127. ফেয়ার্লি হাউসের পাশেই কার বাড়ি ছিল ?

(1) ম্যাকিনন ম্যাকেঞ্জি কোম্পানির বাড়ি
(2) গিদার্লি কোম্পানির বাড়ি
(3) তোসিবা কোম্পানির বাড়ি
(4) বসাক কোম্পানির বাড়ি

128. 'ওল্ড ফোর্ট ঘাট স্ট্রিটের' বর্তমান নাম কি ?

(1) রমাকান্তের ঘাট
(2) বিডন স্ট্রিট
(3) ডক স্ট্রিট
(4) ফেয়ার্লি প্লেস

www.prepp.in



**নির্দেশ ঃ নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

আগে আগে চলছে বড়রা-মহতো, নায়েব চারজন, আর ছড়িদার। এর পিছনে আছে ছেলে বুড়ো সকলে। এরা সব এতক্ষণ ছিল কোথায় ! বোধ হয় মহতোর বাড়ির আশেপাশে সবাই জড়ো হয়েছিল সেই জলবৃষ্টির মধ্যেও আজকের পঞ্চয়তির জমজমাট 'তামাসা' দেখবার জন্য। জল কাদা ব্যাঙ কাঁটা মাড়িয়ে, অর্ধোলঙ্গ বীরের দল নৈশ অভিযানে বেরিয়েছে। তাদের জাত্যভিমানে আঘাত লেগেছে। অন্ধকারে সরু পথের উপর আন্দাজে পা ফেলে চলছে সকলে; পায়ের নিচের চটকানো কেঁচোগুলো থেকে আলোর আভাস ফুটে বেরুচ্ছে; গুগলি শামুক গুঁড়ো হয়ে যাচ্ছে খড়মড় করে। ক্ষ্যাপা শেয়ালের মতো তারা হন্যে হয়ে ছুটেছে। কোনো কাণ্ডাকাণ্ড জ্ঞান নেই তাদের এখন, - যেমন করে হোক তাদের জাতের এ অপমানের একটা প্রতিকার তারা করবেই করবে।

পাড়ার মেয়েরাও একে একে ধনুয়া মহতোর সদ্য খালি করা একচালাটিতে এসে জড়ো হয়। বাইরে অন্ধকারে কিছু দেখা যায় না। তবু সকলে ভিজে কাপড় নিঙড়োতে নিঙড়োতে বাইরে কী যেন দেখতে চেষ্টা করে। সকলেই এক সঙ্গে কথা বলতে চায়। মুখে কারও ভয় ডর মায়ামমতার ছায়াও নেই; আছে কেবল অভিযানের নিশ্চিত সাফল্যের জন্য উল্লাস, আর কয়েকটা অনিশ্চিত মজার খবরের জন্য কৌতূহল। ঐ একরত্তি ছোঁড়ার এই কাণ্ড। অসীম উৎসাহের সঙ্গে গুদরের মা আজকের পঞ্চায়তের সম্পূর্ণ কার্যবিবরণী, অন্য সকলকে বুঝোতে চেষ্টা করে। কুপীর আলোয় তার মুখ স্পষ্ট দেখা যাচ্ছে না। কে তার কথা শুনছে ? তাদের মধ্যে এত উত্তেজনা বোধহয় এক কেবল ধাঙড়টুলিতে আগুন লাগার সময় ছাড়া আর কখনও হয়নি।

**129. আলোচ্য গদ্য অনুসারে নিম্নলিখিত বাক্যগুলির সঠিক ক্রমে নির্বাচন করুন :**

A. বাইরে অন্ধকারে কিছু দেখা যায় না।

B. এতক্ষণ ছিল কোথায় ?

C. ক্ষ্যাপা শেয়ালের মতো তারা হন্যে হয়ে ছুটেছে।

D. কে তার কথা শুনছে ?

(1) A, B, D, C

(2) A, C, B, D

(3) B, C, A, D

(4) D, B, C, A

**130. "যেমন করে হোক তাদের জাতের এ অপমানের একটা <u>প্রতিকার তারা করবেই করবে</u>।"**

**রেখাঙ্কিত অংশটি কোন ক্রিয়ার উদাহরণ ?**

(1) অকর্মক ক্রিয়া

(2) সকর্মক ক্রিয়া

(3) সংযোগ ক্রিয়া

(4) অতিকর্ম ক্রিয়া

www.prepp.in



131. কোথা থেকে আলোর আভাস ফুটে বেরুচ্ছে ?

(1) গাছের আড়াল থেকে

(2) মাঠের প্রান্ত থেকে

(3) দিগন্তরেখা থেকে

(4) পায়ের নিচে চটকানো কেঁচোগুলো থেকে

132. "কুপীর আলোয় তার মুখ স্পষ্ট দেখা যাচ্ছে না।" – উপরোক্ত বাক্যটি কি ধরণের বাক্যের উদাহরণ ?

(1) সরল বাক্য

(2) মিশ্র বাক্য

(3) যৌগিক বাক্য

(4) জটিল বাক্য

133. সঠিক সন্ধিবিচ্ছেদ নির্বাচন করুন -

(1) জাত্যভিমান - জাতি + অভিমান

(2) জাত্যভিমান - জাত + অভিমান

(3) জাত্যভিমান - জাত্ + ভিমান

(4) জাত্যভিমান - জাত + ওভিমান

134. নিম্নলিখিতের মধ্যে কোনটির সবকটি শব্দ আলোচ্য গদ্যে আছে ?

(1) কুকুর, গুগলি,শঙ্খ, শামুখ

(2) পেঁচা, শেয়াল, শামুক, কুকুর

(3) ব্যাঙ, গুগলি, শামুক, শেয়াল

(4) শেয়াল, ব্যাঙ, পেঁচা, গুগলি

135. পাড়ার মেয়েদের পঞ্চায়তের সম্পূর্ণ কার্য বিবরণী কে শোনাচ্ছে ?

(1) দুখিয়ার মা

(2) নান্নুর মা

(3) গুদরের মা

(4) তেতরের মা

136. অনুচ্ছেদ নম্বর 343(2) অনুযায়ী ভারতীয় সংবিধান যার ব্যবহার নিশ্চিত করে, তা

(1) হিন্দী একটি সরকারী ভাষা হিসেবে।

(2) হিন্দী একটি সহকারী সরকারী ভাষা হিসেবে।

(3) ইংরেজি একটি সরকারী ভাষা হিসেবে।

(4) ইংরেজি একটি সহকারী সরকারী ভাষা হিসেবে।

www.prepp.in



**137.** নিম্নলিখিতের মধ্যে কোনটি একটি ধ্রুপদ **(classical)** ভাষার মানদণ্ড নয় ?

(1) উক্ত ভাষার ১৫০০ থেকে ২০০০ বছরের পুরনো ইতিহাস / লিখিত সাহিত্য থাকবে।

(2) কিছু প্রাচীন সাহিত্য বা মহাকাব্য ঐ ভাষায় লেখা থাকবে।

(3) খসড়া (scheduled) তালিকাভুক্ত ভাষার মধ্যে উক্ত ভাষাটি থাকবে না।

(4) উক্ত ভাষার একটি মৌলিক সাহিত্যিক পরম্পরা থাকবে এবং অন্য ভাষা গোষ্ঠী থেকে তা কোন কিছু ধার করবে না।

**138.** শিক্ষার্থীদের শ্রবণ দক্ষতা যে ভাবে নির্ধারণ **(assured)** করা যেতে পারে –

(1) তাদের সঙ্গে ধারাবাহিক অনুশীলন ও চর্চার মাধ্যমে।

(2) একটি গল্প বলা এবং তারপর তাদের অনুচ্ছেদ কেন্দ্রিক প্রশ্ন জিজ্ঞাসা করা।

(3) নীরব পাঠের জন্য তাদের সুযোগ দেওয়া।

(4) ভ্রমণের জন্য তাদের বাইরে নিয়ে যাওয়া।

**139.** পাঠের প্রাথমিক পর্যায়ে একজন শিক্ষক যে বিষয়ের প্রতি মনোযোগী হবেন -

(1) উক্ত ভাষার বর্ণমালা মুখস্ত (memorizing) করাবেন।

(2) পড়ার গতি

(3) বর্ণ ও শব্দে যোগাযোগের বিকাশ

(4) যথাযথভাবে পড়া

**140.** শোনা এবং পড়া হল

(1) সুগ্রাহী (receptive) দক্ষতা

(2) উৎপাদন দক্ষতা

(3) কৌতূহলোদ্দীপক দক্ষতা

(4) যুক্তিনির্ভর চিন্তা (thinking) দক্ষতা

**141.** শিক্ষক তরুণ লেখকেদের ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী যেভাবে প্রতিক্রিয়া **(respond)** দেখাতে পারেন -

(1) তাদের ব্যাকরণগত ত্রুটি বিষয়ে বিস্তারিত প্রতিক্রিয়া জানতে পারেন।

(2) তারা যা ভালো লিখেছে তার প্রশংসা করা এবং তাদের কাজ থেকে উদ্ধৃতি তুলে যথাযুক্ত মতামত দেওয়া।

(3) তাদের ভুলগুলি এড়িয়ে যেতে বলা।

(4) শ্রেণীকক্ষে ভালো না লেখার জন্য তাদের মূল্যায়ন (grading) করা।

www.prepp.in



142. নিম্নলিখিতের মধ্যে কোনটি ভাষা অর্জন (acquisition) এবং ভাষা শিক্ষার মধ্যে প্রাথমিক পার্থক্য হিসেবে বিবেচিত হবে ?

(1) গতি (fluency) এবং যথাযথ (accuracy)

(2) ভাষিক অভিব্যক্তির স্তর

(3) যথাযথ এবং প্রবাহ

(4) প্রবাহ এবং উচ্চারণ

143. নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে সাহায্যের উপায় (resource) হিসেবে মাতৃভাষার ব্যবহারের প্রেক্ষিতে, কোনটি সঠিক **নয়** ?

(1) এটি শিশুদের পড়তে, ভাবতে এবং যোগাযোগ করতে সাহায্য করে।

(2) এটি ছাত্রদের অর্থ (meaning) তৈরির প্রক্রিয়ায় ইতিবাচক ভূমিকা গ্রহণ করে।

(3) মাতৃভাষা অধ্যাপন শাস্ত্রে (pedagogical) আরও বৃহত্তর স্থান উন্মুখ করে।

(4) এটি দ্বিতীয় ভাষাকে এড়িয়ে যেতে সাহায্য করে।

144. নিম্নলিখিতের মধ্যে কোনটি প্রাথমিক স্তরের একটি শিশুর ভাষার বিকাশে সবচেয়ে গুরুত্বপূর্ণ ?

(1) ব্যাকরণের জ্ঞান

(2) ভাষা সমৃদ্ধ প্রতিবেশ

(3) ভাষার পাঠ্যপুস্তক

(4) একটি শিশুর মূল্যায়ন

145. পোর্টফোলিও (Port folio) হল একটি উদাহরণ -

(1) ব্যক্তিগত মূল্যায়ণ

(2) শিক্ষক মূল্যায়ণ

(3) ব্যক্তিগত এবং শিক্ষক উভয়েরই মূল্যায়ণ

(4) রাজ্য বোর্ডের (board) মূল্যায়ণ

146. শব্দ ধাঁধা (crown word puzzle) যা বৃদ্ধিতে সাহায্য করে -

(1) শোনার দক্ষতা

(2) লেখার দক্ষতা

(3) শব্দভাণ্ডার

(4) আবিধানিক অর্থ

**147.** বলার কাজ বিচার (assessing) করার সময় নিম্নলিখিতের মধ্যে কোনটি প্রয়োজনীয় নয় ?

(1) শব্দের উচ্চারণ

(2) প্রাসঙ্গিক ভাবে শব্দের যথাযথ আঙ্গিকের ব্যবহার

(3) উৎস এবং অভিধানের ব্যবহার

(4) বক্তব্যের পরিচ্ছন্নতা

**148.** পাঠ শিক্ষায় একটি ভাষার বর্ণমালার সঙ্গে তার শব্দের সংযোগ সাধনের যে পদ্ধতি, তা হল

(1) সরাসরি (direct) পদ্ধতি

(2) ধ্বনি (phonic) পদ্ধতি

(3) সমগ্র ভাষা (whole language)

(4) আংশিক ভাষা (part language)

**149.** পাঠ্যপুস্তক অতিরিক্ত **(going beyond)** বলতে বোঝায় -

(1) পাঠ্যপুস্তক অতিরিক্ত শিক্ষা বস্তু (teaching material) সরাসরাহ করা।

(2) পাঠ্যপুস্তক অবজ্ঞা করে অতিরিক্ত বিষয়ের দিকে যাওয়া।

(3) জ্ঞান পাঠ্যপুস্তক কেন্দ্রিক হবে।

(4) পাঠ্যপুস্তক অতিরিক্ত বিষয় নিয়ে শিশুদের উপর অতিরিক্ত বোঝা চাপানো হবে না।

**150.** শিক্ষক তৃতীয় শ্রেণীকক্ষের ছাত্রদের একটি খাম **(Envelope)** তৈরি করার নির্দেশ দিলেন। ছাত্ররা নির্দেশ অনুসরণ করলো। একটি ভাষা শ্রেণীকক্ষে এই কর্ম তৎপরতা যেভাবে ছাত্রদের সাহায্য করবে, তা হল -

(1) লেখার দক্ষতা বাড়াবে

(2) বলার দক্ষতা বাড়াবে

(3) শোনার দক্ষতা বাড়াবে

(4) তাদের সৃজন ক্ষমতা বাড়াবে

www.prepp.in



**SPACE FOR ROUGH WORK**

**নিম্নলিখিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরণের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন ।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে । একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না ।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবেনা, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না । পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না ।
4. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন । কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না । (শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে ।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন ।
6. মেশিন কেবলমাত্র উত্তরপত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে । তাই কোন তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোন পার্থক্য থাকবে না ।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না ।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষাহলে আনা চলবে না । এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোন ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে ।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন ।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না ।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না । যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে ।
12. ইলেক্ট্রনিক / হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য । কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে ।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না ।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন । পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন ।**

Prepp Your Personal Exams Guide

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide



**निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :**

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें ।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **काले/नीले बॉल पॉइन्ट पेन** से भरें । एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है ।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ । परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें ।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी ।
5. परीक्षा पुस्तिका / उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाज़िरी-पत्र में लिखें ।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी । इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए ।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है ।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्वीच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए । इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और उनके विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित ।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें ।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं हाज़िरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे । यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाज़िरी-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा । **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान हाज़िरी-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ ।**
12. इलेक्ट्रॉनिक / हस्तचालित परिकलक का उपयोग वर्जित है ।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं । अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा ।
14. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें ।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल / कक्ष छोड़ने से पूर्व उत्तर पत्र कक्ष-निरीक्षक को अवश्य सौंप दें । परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं ।**

**READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :**

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Black/Blue Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet / Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/ room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/ rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against them including cancellation of examination.
9. Each candidate must show on demand his / her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his / her seat.
11. The candidates should not leave the Examination Hall/ Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic / Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***